

💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ কবর যিয়ারত

রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয় ইব্ন আব্দুল্লাহ ইব্ন বায় রাহিমাহুল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ২৩ - মৃতের জন্য দো'আ করার সময় কবরমুখী হয়ে দো'আ করা কি নিষেধ?

উত্তর – না, নিষেধ নয়, মৃতের জন্য দো'আ করার সময় কেবলামুখী ও কবরমুখী উভয় বৈধ। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জনৈক ব্যক্তির দাফন শেষে বললেন,

«استغفروا لأخيكم واسألوا له التثبيت فإنه الآن يسأل» (رواه أبوداود)

"তোমরা তোমাদের ভাইয়ের জন্য ক্ষমা প্রর্থনা কর এবং তার ইস্তেকামাতের দো'আ কর, কেননা তাকে এখন প্রশ্ন করা হবে"। এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কথা বলেননি যে, কিবলামুখী হয়ে দো'আ কর। সুতরাং কিবলামুখী হয়ে দো'আ করুক আর কবরমুখী হয়ে দো'আ করুক উভয়ই জায়েযে। রাসূলের সাহাবিগণ কবরের চতুর্পাশে দাঁড়িয়ে মৃতের জন্য দো'আ করতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14903

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন